গ. (i) নং যৌগে তাপ দিলে যে গ্যাস উৎপন্ন হয় তা কীভাবে সনাক্ত করা হয় সমীকরণসহ লেখ। ৩

ঘ. উদ্দীপকের (ii) ও (iii) নং আইসোটোপের গড় আঃ পাঃ ভর 65 হলে এদের শতকরা পরিমাণ নির্ণয় কর। ৪

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর [বোর]

wbl q^KvW: 1 3 7

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট **রসায়ন ❤ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ (i) $_{29}A$, $_{23}B$

(ii) প্রকৃতিতে D মৌলটির আইসোটোপের শতকরা পরিমাণ যথাক্রমে– ^{64}D – 48.6%, ^{66}D – 27.9%, ^{67}D – 4.1%, ^{68}D – 18.8%, ^{70}D – 0.6%

[এখানে A, B ও D প্রচলিত অর্থে নয়]

ক. আয়নিকরণ শক্তি কাকে বলে? ১

খ. P অপেক্ষা S এর পারমাণবিক আকার কম কেন ব্যাখ্যা কর। ২

গ. D মৌলটির আপেক্ষিক পারমাণবিক ভর নির্ণয় কর। ৩

ঘ. (i) নম্বর উদ্দীপকের মৌল দুটির ইলেকট্রন বিন্যাস রীতি অভিন্ন কি-না– ব্যাখ্যা কর। ৪

২ ▶

A	Be		M
Na	B		T

[এখানে, A, B, T ও M প্রচলিত অর্থে নয়]

ক. ঊর্ধ্বপাতন কাকে বলে? ১

খ. বরফ গলনের পুরো সময় তাপমাত্রা একই থাকে কেন? ২

গ. পর্যায় সারণিতে T মৌলটির অবস্থান নির্ণয় কর। ৩

ঘ. A, B, M মৌলগুলোর তড়িৎ ঋণাত্মকতার ক্রম ব্যাখ্যা কর। ৪

৩ ▶ (i) A একটি হাইড্রোকার্বন যার আণবিক ভর 16 (ii) $_{19}C$, $_{9}D$ [এখানে A, C ও D প্রচলিত অর্থে নয়।]

ক. মোলারিটি কাকে বলে? ১

খ. রাসায়নিক সমীকরণে সমতাকরণ গুরুত্বপূর্ণ কেন? ২

গ. (i) নম্বর যৌগটির বন্ধন গঠন প্রক্রিয়া ডায়াগ্রামসহ বর্ণনা কর। ৩

ঘ. CD যৌগটি পানিতে দ্রবীভূত হবে কি-না ব্যাখ্যা কর। ৪

৪ ▶ রসায়ন পরীক্ষাগারে চারটি বোতলে প্রথম তিনটি নমুনায় যথাক্রমে X, Y, Z এর ক্লোরাইড লবণ বিদ্যমান। যেখানে, X > Y > Pb > H > Z (ধাতুর সক্রিয়তার ক্রম অনুসারে) এবং চতুর্থটিতে কটু স্বাদযুক্ত এবং পিচ্ছিল প্রকৃতির একটি অজানা নমুনা P রাখা আছে। [এখানে X, Y, Z ও P প্রচলিত অর্থে নয়।]

ক. সমাণুকরণ বিক্রিয়া কাকে বলে? ১

খ. বিক্রিয়ার হার তাপমাত্রার উপর নির্ভরশীল কেন? ২

গ. উদ্দীপকের Y যৌগের সাথে ক্লোরিনের বিক্রিয়ায় ইলেকট্রনের স্থানান্তর ঘটে– ব্যাখ্যা কর। ৩

ঘ. পরীক্ষাগারে প্রদত্ত নমুনাসমূহ হতে নীল রঙের দ্রবণ প্রস্তুত করা সম্ভব কি না সমীকরণসহ ব্যাখ্যা কর। ৪

৫ ▶ (i) একটি বিকারে 250 ml 0.4 M পটাশিয়াম হাইড্রোক্সাইডের দ্রবণ এবং অন্য একটি বিকারে 4.9 gm সালফিউরিক এসিডের 200 mL দ্রবণ আছে।

(ii) তিন কার্বনবিশিষ্ট সম্পৃক্ত হাইড্রোকার্বন M [এখানে M প্রচলিত অর্থে নয়।]

ক. ঘনীভবন পলিমারকরণ বিক্রিয়া কাকে বলে? ১

খ. অ্যালকেন অপেক্ষা অ্যালকিন অধিক সক্রিয় কেন? ২

গ. (ii) নম্বর উদ্দীপকের M যৌগটি ডিকার্বক্সিলেশন বিক্রিয়ার সাহায্যে প্রস্তুতি সমীকরণসহ লেখ। ৩

ঘ. (i) নম্বর উদ্দীপকের দ্রবণদ্বয়কে মিশ্রিত করা হলে উক্ত মিশ্রণে pH পেপার যোগ করলে পেপারের বর্ণের পরিবর্তন ঘটবে কি-না সমীকরণসহ ব্যাখ্যা কর। ৪

৬ ▶ (i) $A + HCl \rightarrow C_3H_7Cl$

(ii) $B + Cl_2 \rightarrow C_3H_7Cl + HCl$; [এখানে A ও B প্রচলিত অর্থে নয়।]

ক. মুদ্রা ধাতু কাকে বলে? ১

খ. প্রশমন বিক্রিয়া রেডক্স বিক্রিয়া নয় কেন? ২

গ. (i) নম্বর উদ্দীপকের উৎপাদ থেকে কীভাবে অ্যালডিহাইড উৎপাদন করা হয় সমীকরণসহ লেখ। ৩

ঘ. A ও B যৌগের পারস্পরিক রূপান্তর সম্ভব কি-না সমীকরণসহ ব্যাখ্যা কর। ৪

৭ ▶ নিচের উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

(i) $CH_3 - (CH_2)_{10} - CH_2Cl + NaOH(aq) \rightarrow$

$$M \xrightarrow{H_2SO_4} N \xrightarrow{NaOH} O$$

(ii) $C_{17}H_{35}COOH + NaOH \rightarrow P$; [এখানে M, N, O ও P প্রচলিত অর্থে নয়।]

ক. আপেক্ষিক পারমাণবিক ভর কাকে বলে? ১

খ. কৃষিক্ষেত্রে pH গুরুত্বপূর্ণ কেন? ২

গ. (i) নম্বর বিক্রিয়াটি বর্ণনাসহ সম্পন্ন কর। ৩

ঘ. P যৌগটি ময়লা পরিষ্কারকরণের ক্ষেত্রে সকল পানিতে সমানভাবে কার্যকর কি-না কৌশলসহ ব্যাখ্যা কর। ৪

৮ ▶ নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

$A \rightarrow 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2$

$B \rightarrow 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2\ 3p^6\ 4s^1$

$C \rightarrow 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2\ 3p^5$

$D \rightarrow 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2\ 3p^6\ 3d^6\ 4s^2$

ক. আইসোটোপ কী? ১

খ. ভিনেগারকে খাদ্য সংরক্ষক বলা হয় কেন? ২

গ. AC_2 যৌগের জলীয় দ্রবণের তড়িৎ বিশ্লেষণের ক্রিয়াকৌশল ব্যাখ্যা কর। ৩

ঘ. B ও D মৌলদ্বয়ের নিষ্কাশন প্রক্রিয়া ভিন্ন কেন? [illegible] ৪

কুমিল্লা জিলা স্কুল

wbl q^KvW: 1 3 7

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

রসায়ন ❤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸



ক. কণার গতিতত্ত্ব কী? ১

খ. CO_2 ও SO_2 এর মধ্যে কোনটির ব্যাপন সময় বেশি এবং কেন? ২

গ. পাত্রের মিশ্রণের উপাদানদ্বয়কে কীভাবে পৃথক করা যাবে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ন্যাপথলিনের তাপীয় বক্ররেখা ব্যাখ্যা কর। ৪

২ ▸ $_{6}A$, $_{14}B$, $_{25}C$, $_{29}D$ চারটি মৌল।

[এখানে A, B, C, D প্রচলিত মৌলের প্রতীক নয়]

ক. আইসোটোপ কাকে বলে? ১

খ. ব্যাপন ও নিঃসরণের মধ্যে পার্থক্য লিখ। ২

গ. D মৌলের ইলেকট্রন বিন্যাস ব্যতিক্রমী– ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের A, B, C মৌল তিনটির পারমাণবিক আকারের ক্রম বিশ্লেষণ কর। ৪

৩ ▸



ক. যৌগমূলক কী? ১

খ. Mg কে মৃৎক্ষার ধাতু বলা হয় কেন? ২

গ. উদ্দীপকের দ্রবণ দুটি একত্রে মিশালে যে লবণ পাওয়া যায় তার শতকরা সংযুতি নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের দ্রবণ দুটির মোলারিটি সমান কিনা বিশ্লেষণ কর। ৪

৪ ▸ (i) $CaO + CO_2 \rightarrow CaCO_3$

(ii) $H_2 + Cl_2 \rightarrow 2HCl$

(iii) $AlCl_3(s) + 3H_2O(l) \rightarrow Al(OH)_3(s) + 3HCl(aq)$

ক. ধাতব বন্ধন কী? ১

খ. রাসায়নিক সাম্যাবস্থা একটি গতিশীল অবস্থা– ব্যাখ্যা কর। ২

গ. (iii) নং বিক্রিয়াটিকে আর্দ্র-বিশ্লেষণ ও অধঃক্ষেপণ বিক্রিয়া বলার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. সকল সংযোজন বিক্রিয়া সংশ্লেষণ বিক্রিয়া নয়– (i) ও (ii) নং বিক্রিয়ার আলোকে বিশ্লেষণ কর। ৪

৫ ▸



ক. লিমিটিং বিক্রিয়ক কী? ১

খ. 25 g HNO_3 এ কতটি অণু আছে? ২

গ. উদ্দীপকের প্রক্রিয়ার উদ্দেশ্য ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে কপার ধাতুর বিশোধন প্রক্রিয়া আলোচনা কর। ৪

৬ ▸ (i) H_2CO_3

(ii) NaOH

ক. pH কী? ১

খ. নিউক্লিয়ার ফিশন ও নিউক্লিয়ার ফিউশন বিক্রিয়ার পার্থক্য লিখ। ২

গ. (i) নং যৌগের প্রকৃতি ব্যাখ্যা কর। ৩

ঘ. (i) নং ও (ii) নং যৌগের বিক্রিয়ায় উৎপন্ন লবণটি ক্ষারীয়– ব্যাখ্যা কর। ৪

৭ ▸

মৌল	X	Y	Z
পারমাণবিক সংখ্যা	13	16	26

ক. আয়নিক বন্ধন কী? ১

খ. পিতল সংকর ধাতু কেন? ২

গ. Y থেকে উৎপন্ন একটি এসিড নিরুদক– সমীকরণসহ ব্যাখ্যা কর। ৩

ঘ. আকরিক থেকে X ও Z মৌলের নিষ্কাশন পদ্ধতি আলোচনা কর। ৪

৮ ▸ C_3H_6, $CaCl_2O$, $C_3H_6O_2$

A, B, C

ক. সাবান কী? ১

খ. টয়লেট ক্লিনারের মূল উপাদান NaOH– ব্যাখ্যা কর। ২

গ. দাগ অপসারণ প্রক্রিয়ায় B যৌগের ভূমিকা কী? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে A থেকে C যৌগ পাওয়া যাবে কী? বিক্রিয়াসহ বিশ্লেষণ কর। ৪

নবাব ফয়জুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কুমিল্লা

wbl q ˆKWV: 1 3 7

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট **রসায়ন ❤ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸

		N	A		
Al	Si	B	C	Cl	Ar
		D	Se		

[এখানে A, B, C ও D প্রতীক অর্থে ব্যবহৃত]

ক. অনুসন্ধান ও গবেষণা প্রক্রিয়ায় ৩নং ধাপটির নাম লিখ। ১

খ. তেজস্ক্রিয় আইসোটোপ বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২

গ. 'D' মৌলটির ইলেকট্রন বিন্যাস দেখিয়ে পর্যায় সারণিতে অবস্থান নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের A, B ও C মৌলের আয়নিকরণ শক্তির তুলনামূলক ক্রমের বিশ্লেষণ কর। ৪

২ ▸ P, Q, R যথাক্রমে পর্যায় সারণির তৃতীয় পর্যায়ের তিনটি মৌল যাদের যোজ্যতা ইলেকট্রন যথাক্রমে 2, 5 ও 7।

ক. কণার গতিতত্ত্ব কাকে বলে? ১

খ. ব্যাপন ও নিঃসরণের পার্থক্য লিখ। ২

গ. QR_3 অণুর বন্ধন গঠন প্রক্রিয়া ডায়াগ্রামের সাহায্যে বর্ণনা কর। ৩

ঘ. PR_2 এবং QR_5 যৌগ দুটির মধ্যে কোনটি পোলার দ্রাবকে অদ্রবণীয়– বিশ্লেষণ কর। ৪

৩ ▸ 40.5 g $Ca(HCO_3)_2$ প্রস্তুত করার লক্ষ্যে 25 g $CaCO_3$, 4.5 g H_2O এবং 8g CO_2 মিশ্রিত করা হলো। বিক্রিয়ায় প্রত্যাশিত উৎপাদ পাওয়া গেল না।

ক. মোলারিটি কাকে বলে? ১

খ. আণবিক সংকেত ও স্থূল সংকেতের মধ্যে পার্থক্য লিখ। ২

গ. বিক্রিয়ায় কত মোল CO_2 ব্যবহার করা হয়েছিল? নির্ণয় কর। ৩

ঘ. বিক্রিয়ায় প্রত্যাশিত উৎপাদের পরিমাণ কম হওয়ার যৌক্তিকতা গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৪ ▸ $Pb(NO_3)_2 + 2KI \rightarrow$

উপরের বিক্রিয়ার আলোকে নিচের ছকটি পূরণ করা হলো :

[K = 39, I = 127]

উপাদান	১ম পাত্র	২য় পাত্র	৩য় পাত্র	৪র্থ পাত্র	ব্যবহৃত মোট আয়তন (mL)	অধঃক্ষেপ
0.2 M $Pb(NO_3)_2$ এর আয়তন (mL)	1	2	3	4	10	হলুদ
পানির আয়তন (mL)	4	3	2	1	10	
0.5 M KI এর আয়তন (mL)	1	1	1	1	4	
প্রতিটি পাত্রে দ্রবণের মোট আয়তন (mL)	6	6	6	6		

ক. নিউক্লিয়ন সংখ্যা কাকে বলে? ১

খ. 3d ও 4p অরবিটালের মধ্যে কোনটিতে ইলেকট্রন আগে প্রবেশ করবে? ব্যাখ্যা কর। ২

গ. সারণিতে ব্যবহৃত KI এর মোট পরিমাণ কত গ্রাম? নির্ণয় কর। ৩

ঘ. কোন পাত্রের দ্রবণটি অধিক হলুদ হবে বলে তুমি মনে কর? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৫ ▸ (i) $C_3H_8 + 2Cl_2 \rightarrow C_3H_6Cl_2 + 2HCl$

[C – H, Cl – Cl, C – Cl ও H – Cl এর বন্ধন শক্তি যথাক্রমে 414 kJ/mol, 244 kJ/mole, 326 kJ/mole ও 431 kJ/mole]

(ii) $FeCl_2 + Cl_2 \rightarrow FeCl_3$

ক. যোজ্যতা ইলেকট্রন কাকে বলে? ১

খ. সমাণুকরণ বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের (i) নং বিক্রিয়ার ΔH এর মান নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের (ii) নং বিক্রিয়া কোন কোন বিক্রিয়াকে সমর্থন করে? বিশ্লেষণ কর। ৪

৬ ▸ (i) চালকোসাইট

(ii) হেমাটাইট

(iii) বক্সাইট

ক. জীবাশ্ম জ্বালানি কাকে বলে? ১

খ. সকল খনিজ আকরিক নয়– কেন? ব্যাখ্যা কর। ২

গ. (ii) নং আকরিক থেকে নিষ্কাশিত ধাতুটি সংগ্রহের ক্ষেত্রে সংঘটিত রাসায়নিক বিক্রিয়াসমূহ লিখ। ৩

ঘ. (i) ও (iii) নং আকরিক থেকে ধাতু দুইটি নিষ্কাশন পদ্ধতি এক না ভিন্ন– কারণসহ বিশ্লেষণ কর। ৪

৭ ▸ তেল + কস্টিক সোডা $\rightarrow$ X + গ্লিসারিন।

ক. pH কী? ১

খ. কৃষিক্ষেত্রে pH গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ২য় বিক্রিয়কটি কীভাবে প্রস্তুত করা যায়? সমীকরণসহ বর্ণনা কর। ৩

ঘ. X উৎপাদটির ক্রিয়া-কৌশল ব্যাখ্যা কর এবং এর অতিরিক্ত ব্যবহার পরিবেশের জন্য ক্ষতিকর– যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৮ ▸



ক. BOD কাকে বলে? ১

খ. অ্যালকেন অপেক্ষা অ্যালকিন সক্রিয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. (i) ও (iii) নং বিক্রিয়ার সাহায্যে বিক্রিয়ক যৌগটির অসম্পৃক্ততা প্রমাণ করা যায় কী? সমীকরণসহ লিখ। ৩

ঘ. B যৌগ থেকে কীভাবে ইথেন প্রস্তুত করা সম্ভব– সমীকরণসহ বিশ্লেষণ কর। ৪

চট্টগ্রাম কলেজিয়েট স্কুল

wbl q ˆKvW: 1 3 7

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

রসায়ন ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ (i) X একটি মৌল বিশুদ্ধ অবস্থায় যার গলনাঙ্ক 115 °C ও স্ফুটনাঙ্ক 444 °C এবং Y একটি ঊর্ধ্বপাতিত যৌগ।

(ii) প্রকৃতিতে বিদ্যমান কার্বনের তিনটি আইসোটোপ যথাক্রমে C - 12, C - 13 এবং C-14। ১ম আইসোটোপটির শতকরা পর্যাপ্ততা 98.84% এবং এদের গড় ভর 12.017।

ক. নিঃসরণ কাকে বলে? ১

খ. সালফার ডাইঅক্সাইড ও অ্যামোনিয়া গ্যাসের কার ব্যাপন হার বেশি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপক (ii) থেকে অপর দুটি আইসোটোপের শতকরা পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপক (i) এর আলোকে X ও Y এর তাপীয় বক্ররেখার তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

২ ▸

							He
B						Z	

ক. তেজস্ক্রিয় আইসোটোপ কাকে বলে? ১

খ. সিলভারের ইলেকট্রন বিন্যাস সাধারণ নিয়মের ব্যতিক্রম ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের B মৌলটি যে পর্যায়ে আছে তার ইলেকট্রন আসক্তির পর্যায়বৃত্তিক ব্যাখ্যা দাও। ৩

ঘ. উদ্দীপকের Z যে গ্রুপের সেই গ্রুপের মৌলগুলোর ধর্ম অভিন্ন প্রকৃতির কিনা সমীকরণসহ বিশ্লেষণ কর। ৪

৩ ▸

মৌল	বহিঃস্থ স্তরের ইলেকট্রন বিন্যাস	n এর মান
P	ns^2np^1	3
Q	ns^2	4
R	ns^1	1
S	ns^2np^5	3

[এখানে P, Q, R ও S প্রচলিত অর্থে মৌল নয়]

ক. ধাতব বন্ধন কাকে বলে? ১

খ. ম্যাগনেসিয়াম পারক্লোরেট যৌগে ক্লোরিনের জারণ মান নির্ণয় কর। ২

গ. উদ্দীপকের PS_3 এবং QS_2 উভয়ের সাথে পানি পৃথকভাবে বিক্রিয়া করলেও বিক্রিয়া দুটি ভিন্ন প্রকৃতির ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের QS_2 এবং R_2 এর মধ্যে কোনটি পানিতে দ্রবণীয় হবে– বিশ্লেষণ কর। ৪

৪ ▸ (i) একটি যৌগের 20 g কে বিশ্লেষণ করে 3.24 g Mg, 3.78 g N, 12.98 g O পাওয়া গেল। যৌগটির আণবিক ভর 148।

(ii) 36g $MgCO_3$ ও 30 g লঘু HCl এর মধ্যে বিক্রিয়া ঘটিয়ে লবণ তৈরি করা হল।

ক. প্রাইমারি স্ট্যান্ডার্ড পদার্থ কাকে বলে? ১

খ. Li এর যোজনী এবং যোজ্যতা ইলেকট্রন একই হলেও F এর ভিন্ন ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপক (i) এর যৌগটির আণবিক সংকেত নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপক (ii) এর আলোকে 42 g ধাতব লবণ তৈরি করতে আরও বিক্রিয়ক যোগ করতে হবে কিনা গাণিতিক ব্যাখ্যাসহ বিশ্লেষণ কর। ৪

৫ ▸ (i) পর্যাপ্ত পরিমাণ অক্সিজেনের সাথে 5g মিথেন ও 5g ইথেনকে পৃথক বিক্রিয়া করানো হল। (বন্ধন শক্তি : C – H → 414 kJ/mol, C – C → 344 kJ/mol, C = O → 724 kJ/mol, O – H → 464 kJ/mol, O = O → 498 kJ/mol)

(ii) Fe | $FeSO_4$, Pb | $PbSO_4$, KCl

ক. গোল্ড প্লেটিং কাকে বলে? ১

খ. উন্নত দেশে পেট্রোলের সাথে ইথানল মিশিয়ে ব্যবহার করা হয় কেন? ২

গ. উদ্দীপক (ii) এ বর্ণিত কোষটির চিত্রসহ সংঘটিত বিক্রিয়াগুলো ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপক (i) অনুসারে কোন যৌগটি জ্বালানি হিসেবে অধিক কার্যকর গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে উপস্থাপন কর। ৪

৬ ▸ 0.25 M H_2SO_4 | 0.25 M NaOH দ্রবণ

চিত্র : A পাত্র চিত্র : B পাত্র

S একটি ধাতু যার পারমাণবিক সংখ্যা 29।

ক. ইউনিভার্সাল নির্দেশক কালার চার্ট কাকে বলে? ১

খ. পানির স্থায়ী খরতা কীভাবে দূর করা হয়? ২

গ. উদ্দীপকের A পাত্রের দ্রবণের pH গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের A পাত্রের দ্রবণটি গাঢ় হলে উদ্দীপকের যৌগগুলো ব্যবহার করে কীভাবে S ধাতুটি শনাক্ত করা যায় বর্ণনা কর। ৪

৭ ▸ (i) সিন্নাবার, ক্যালামাইন, হেমাটাইট, বক্সাইট এগুলো বিভিন্ন ধাতুর আকরিক।

(ii) অ্যামোনিয়াম ক্লোরাইড যৌগ থেকে জৈব সার A পাওয়া যায় যাতে উপাদান হিসেবে N, C, O, H বিদ্যমান এবং অম্লীয় সার B পাওয়া যায় যাতে উপাদান হিসেবে N, S, O, H বিদ্যমান।

ক. মেথিলেটেড স্পিরিট কাকে বলে? ১

খ. $-C_2H_5$ মূলকের নামকরণ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপক (ii) অনুসারে সার A এবং সার B এর প্রস্তুতি সমীকরণসহ বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপক (i) এর আকরিকগুলো থেকে ধাতু নিষ্কাশনের সম্ভাব্য বিক্রিয়াগুলো যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৮ ▸ P একটি অপেক্ষাকৃত কম সক্রিয় অসম্পৃক্ত হাইড্রোকার্বন যার আণবিক ভর 54। Q একটি চার কার্বনবিশিষ্ট প্রাইমারি অ্যালকোহল।

ক. জৈব যৌগ কাকে বলে? ১

খ. ডেরালিন কীভাবে পাওয়া যায়? ২

গ. উদ্দীপকের P যৌগটির অসম্পৃক্ততার পরীক্ষা বিক্রিয়াসহ লিখ। ৩

ঘ. উদ্দীপকের P ও Q যৌগের পারস্পরিক রূপান্তর সম্ভব কি না? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

ডঃ খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম

wsl q ˆKvW: 1 3 7

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট **রসায়ন ▼ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶



ক. গবেষণা কী? ১

খ. আপেক্ষিক পারমাণবিক ভরের একক নাই কেন– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের মৌলটির ইলেকট্রন স্থানান্তরে 650 nm তরঙ্গদৈর্ঘ্যের শক্তি শোষিত হলে শক্তির পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের চিত্রটি যে পরমাণু মডেলকে প্রকাশ করে তার সফলতা আলোচনা কর। ৪

২ ▶

Na				Ar
	X	Y		Q
Z				

X, Y, Z, Q প্রচলিত অর্থ বহন করে না।

ক. অপধাতু কী? ১

খ. পানির স্ফুটনাঙ্কে তাপমাত্রার পরিবর্তন হয় না কেন? ২

গ. Q মৌলটির ইলেকট্রন বিন্যাস করে পর্যায় সারণিতে তার অবস্থান নির্ণয় কর। ৩

ঘ. X, Y, Z মৌলগুলোকে আয়নিকরণ শক্তির ঊর্ধ্ব ক্রমানুসারে সাজাও। ৪

৩ ▶ $_5D$, $_9E$ ও $_{19}G$ মৌলগুলো পরস্পর বিভিন্নভাবে যুক্ত হয়ে বন্ধন তৈরি করে।

ক. অরবিটাল কী? ১

খ. ধাতুসমূহ বিদ্যুৎ সুপরিবাহী হয় কেন? ২

গ. D ও E মৌলদ্বয় পরস্পর কীরূপে বন্ধনে যুক্ত হয় বর্ণনা কর। ৩

ঘ. E ও G দ্বারা তৈরি যৌগ পানিতে দ্রবীভূত হবে কি? যৌক্তিক মতামত দাও। ৪

৪ ▶ (i) $CH_3CH_2CH_3 + Cl_2 \xrightarrow{UV} \underset{(M)}{CH_3CH_2CH_2Cl} + HCl$

(ii) $M \xrightarrow{NaOH(aq)} R$, $M \xrightarrow{NaOH(alc)} S$

ক. কার্যকরী মূলক কী? ১

খ. অ্যালিসাইক্লিক হাইড্রোকার্বন বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২

গ. (i) নং বিক্রিয়াটির ΔH এর মান নির্ণয় কর। যখন C – H, C – C, C – Cl ও H – Cl বন্ধন শক্তির মান মোল প্রতি যথাক্রমে 414 kJ, 344 kJ, 326 kJ ও 431 kJ। ৩

ঘ. R ও S যৌগ দুইটির মধ্যে কোনটিকে সরাসরি পলিম্যারকরণ সম্ভব আলোচনা কর। ৪

৫ ▶ গৃহে অথবা দোকানে কেক-রুটি ইত্যাদি বানানোর সময় ফোলানোর জন্য ব্যবহার করা হয় (i) বেকিং সোডা (ii) বেকিং পাউডার (iii) ইস্ট ইত্যাদি।

ক. ব্লিচিং পাউডারের সংকেত লেখ। ১

খ. গ্লাস ক্লিনার বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২

গ. (i) নং উপকরণটির উৎপাদন কীভাবে করা হয় বর্ণনা কর। ৩

ঘ. উল্লিখিত (ii) ও (iii) নং উপকরণগুলো রুটিকে কীভাবে ফোলাতে সাহায্য করে আলোচনা কর। ৪

৬ ▶



ক. লঘু এসিড কী? ১

খ. নিউক্লিয়ার ফিশন বিক্রিয়া বলতে কী বুঝ? ২

গ. (i) নং পাত্রে Fe এর উপর কীভাবে ইলেকট্রোপ্লেটিং হবে বর্ণনা কর। ৩

ঘ. (ii) নং পাত্রেও কি Fe-এর উপর ইলেকট্রোপ্লেটিং হবে মতামত দাও। ৪

৭ ▶



ক. pH কী? ১

খ. বিশুদ্ধ পানি বিদ্যুৎ কুপরিবাহী– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে 250 ml 0.2 M ঘনমাত্রার দ্রবণ ব্যবহার করা হলে কত মোল গ্যাস উৎপন্ন হবে? ৩

ঘ. উদ্দীপকে বিক্রিয়ায় উৎপন্ন গ্যাসের বৈশিষ্ট্য আলোচনা কর। ৪

৮ ▶ পিতল, ডুরালুমিন সংকর ধাতু দুইটির মধ্যে একটি সাধারণ উপাদান রয়েছে।

ক. খনিজ কী? ১

খ. Pb কে প্রকৃতিতে বিশুদ্ধ অবস্থায় পাওয়া যায় না কেন? ২

গ. উল্লিখিত সাধারণ উপাদানটির আকরিকের ঘনীকরণের কৌশল বর্ণনা কর। ৩

ঘ. ২য় সংকর ধাতুটির মুখ্য উপাদানটির ঘনীকৃত আকরিক হতে কীভাবে বিশুদ্ধ ধাতু নিষ্কাশন করা হয় আলোচনা কর। ৪

জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট

wbl q^KvW: 1 3 7

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট **রসায়ন ❤ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ Cu এর দুটি আইসোটোপ ^{63}Cu ও ^{65}Cu এবং এর আপেক্ষিক পারমাণবিক ভর 63.5।

ক. মোলার দ্রবণ কাকে বলে? ১

খ. HCl একটি পোলার যৌগ– ব্যাখ্যা কর। ২

গ. Cu এর সর্বশেষ কক্ষপথের ইলেকট্রন এর কৌণিক ভরবেগ নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের আইসোটোপ দুটির প্রকৃতিতে প্রাপ্ত শতকরা পরিমাণ গাণিতিকভাবে নির্ণয় কর। ৪

২ ▸

H			He
P		X	Ne
Q		Y	Ar
R			
S			

[এখানে P, Q, R, S, X ও Y প্রতীকী অর্থে ব্যবহৃত]

ক. ব্যাপন কাকে বলে? ১

খ. পেটে এসিডিটির জন্য আমরা এন্টাসিড খাই কেন? ২

গ. উদ্দীপকের 'RY' যৌগটির বন্ধন গঠন প্রক্রিয়া ডায়াগ্রামের মাধ্যমে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের P, Q, R ও S একই ধরনের রাসায়নিক ধর্ম প্রদর্শন করে– ব্যাখ্যা কর। ৪

৩ ▸

মৌল	A	B	C	D
পারমাণবিক সংখ্যা	13	16	9	7

ক. ইলেকট্রোপ্লেটিং কী? ১

খ. বেনজিনকে অ্যারোমেটিক হাইড্রোকার্বন বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের চারটি মৌলের আয়নিকরণ শক্তির ক্রম যুক্তিসহ বিশ্লেষণ কর। ৩

ঘ. BC_2 ও BC_4 যৌগের মধ্যে কোনটি অষ্টক নিয়ম মানে? ব্যাখ্যা কর। ৪

৪ ▸



'X' হাইড্রোজেন, অক্সিজেন ও সালফারের সমন্বয়ে গঠিত একটি যৌগ যাতে, H = 2.04% এবং O = 65.30%। এই যৌগের বাষ্প ঘনত্ব 49।

ক. pH কী? ১

খ. $K_2Cr_2O_7$ যৌগে 'Cr' এর জারণ সংখ্যা বের কর। ২

গ. 'X' যৌগের আণবিক সংকেত বের কর। ৩

ঘ. উদ্দীপকের পাত্র দুটিকে একত্রে মিশ্রিত করলে দ্রবণের প্রকৃতি কিরূপ হবে? ৪

৫ ▸ $3H_2 + N_2 \Phi 2NH_3, \Delta H = -92$ kJ

ক. আইসোটোপ কাকে বলে? ১

খ. 'ইলেকট্রন বিন্যাসই পর্যায় সারণির মূল ভিত্তি'–ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের বিক্রিয়ায় লা-শাতেলিয়ার নীতির আলোকে তাপমাত্রা ও চাপের প্রভাব ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের বিক্রিয়ায় জারণ-বিজারণ যুগপৎভাবে ঘটেছে– বিশ্লেষণ কর। ৪

৬ ▸ $CH_4(g) + O_2(g) \rightarrow CO_2(g) + H_2O(g)$

এখানে C – H, O = O, C = O এবং O – H এর বন্ধন শক্তি যথাক্রমে 414, 498, 843 এবং 464 kJ/mole।

ক. অলিফিন কী? ১

খ. N এর যোজ্যতা ইলেকট্রন ও যোজনী ভিন্ন কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত গ্যাসসমূহের ব্যাপনের হারের ক্রম লিখ। ৩

ঘ. উদ্দীপকের বিক্রিয়ায় ΔH এর মান নির্ণয় কর। ৪

৭ ▸ $H_2S + Cl_2 \rightarrow 2HCl + 'X'$

ক. দর্শক আয়ন কী? ১

খ. 'সকল ক্ষারই ক্ষারক, কিন্তু সকল ক্ষারক ক্ষার নয়'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের 'X' মৌলটির নিষ্কাশন পদ্ধতি বর্ণনা কর। ৩

ঘ. 'X' মৌল থেকে কীভাবে H_2SO_4 প্রস্তুত করা যায়? বিক্রিয়ার মাধ্যমে বিশ্লেষণ কর। ৪

৮ ▸ (i) C_nH_{2n+2} [এখানে, n = 1]

(ii) C_nH_{2n} [এখানে, n = 2]

ক. প্রিজারভেটিভস কী? ১

খ. স্ব-বিজারণ বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের কোন যৌগটি অসম্পৃক্ত হাইড্রোকার্বন? বিক্রিয়ার মাধ্যমে বিশ্লেষণ কর। ৩

ঘ. উদ্দীপকের (ii) নং যৌগ থেকে (i) নং যৌগটির প্রস্তুতি বিক্রিয়ার মাধ্যমে দেখাও। ৪

বরিশাল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়

wel q ˆKvW: 1 3 7

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট **রসায়ন ▼ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ মৌল – পারমাণবিক সংখ্যা

A – 16
B – 17
C – 30

[A, B, C প্রচলিত প্রতীক নয়]

ক. রসায়ন কী? ১

খ. ব্যাপন ও নিঃসরণের মধ্যে ২টি পার্থক্য লিখ। ২

গ. B ও C মৌল দ্বারা গঠিত যৌগের বন্ধন গঠন প্রক্রিয়া ডায়াগ্রামের সাহায্যে– ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের A, B, C মৌলের পারমাণবিক আকারের ক্রম বিশ্লেষণ কর। ৪

২ ▶



চিত্র A ($h = 6.626 \times 10^{-34}$ kg/s) চিত্র B

ক. পাইরোলাইসিস কাকে বলে? ১

খ. কৃষিক্ষেত্রে তেজস্ক্রিয় আইসোটোপের ব্যবহার উল্লেখ কর। ২

গ. উদ্দীপকের A চিত্রের শেষ কক্ষপথে ঘূর্ণায়মান ইলেকট্রনের কৌণিক ভরবেগ নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের চিত্র দুটি বিশ্লেষণ করে কোন চিত্রটি পরমাণুর গঠনের জন্য বেশি গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা কর। ৪

৩ ▶ একটি যৌগকে বিশ্লেষণ করে 43.4% সোডিয়াম, 11.32% কার্বন, 45.28% অক্সিজেন পাওয়া গেল।

ক. স্টয়কিওমিতি কাকে বলে? ১

খ. তড়িৎ ঋণাত্মকতা বলতে কী বুঝায় উদাহরণসহ- ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত যৌগটির আণবিক ভর 106 হলে আণবিক সংকেত নির্ণয় কর। ৩

ঘ. প্রাপ্ত যৌগটির 100 g এর সাথে HCl এর 60 g মিশ্রিত করা হলো প্রত্যাশিত পরিমাণ লবণ পাওয়া যাবে কি? গাণিতিক যুক্তি দাও। ৪

৪ ▶ (i) $2FeCl_3 + H_2S \rightarrow 2FeCl_2 + 2HCl + S$

(ii) $CO_2(g) + 4H_2(g) \rightleftharpoons CH_4(g) + 2H_2O(g)$

ক. নন-রেডক্স বিক্রিয়া কাকে বলে? ১

খ. SO_2 এর মোলার আয়তন–ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের (i) নং বিক্রিয়াটি একটি রেডক্স বিক্রিয়া– ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের (ii) নং বিক্রিয়ায় CH_4 এর উৎপাদন বাড়াতে কী কী ব্যবস্থা গ্রহণ করতে হবে? মতামত দাও। ৪

৫ ▶ (i) $Zn + CuSO_4 \rightarrow ZnSO_4 + Cu$

(ii) $C_2H_5OH + O_2 \rightarrow CO_2 + H_2O$

ক. বন্ধন শক্তি কী? ১

খ. তড়িৎবিশ্লেষ্য কোষ ও গ্যালভানিক কোষের মধ্যে ২টি পার্থক্য লিখ। ২

গ. C – H, C – C, C = O, O – H, O = O, C – O বন্ধন শক্তিসমূহ যথাক্রমে 414, 344, 724, 464, 498, 350 হলে (ii) নং বিক্রিয়া হতে ΔH নির্ণয় কর। ৩

ঘ. (i) বিক্রিয়ার বিক্রিয়ক ও উৎপাদ পদার্থসমূহ ব্যবহার করে কীভাবে বিদ্যুৎশক্তি উৎপাদন করা যায় তা চিত্রসহ বর্ণনা কর। ৪

৬ ▶



পাত্র A পাত্র B

ক. ইউনিভার্সাল ইন্ডিকেটর কাকে বলে? ১

খ. $FeCl_3$ এর জলীয় দ্রবণ অম্লীয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. A পাত্রের দ্রবের পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. A ও B পাত্রের দ্রবণ দুটি মিশ্রিত করলে প্রাপ্ত দ্রবণে লিটমাস পেপারের বর্ণের পরিবর্তন হবে কিনা? বিশ্লেষণ কর। ৪

৭ ▶ নিচের আকরিকগুলো লক্ষ কর :

(i) জিঙ্ক ব্লেন্ড (ii) বক্সাইট

ক. জিওলাইটস কী? ১

খ. হাইড্রোফিলিক ও হাইড্রোফোবিক পদার্থ উদাহরণসহ ব্যাখ্যা কর। ২

গ. (i) নং আকরিক থেকে ওলিয়াম প্রস্তুতি সমীকরণসহ বর্ণনা কর। ৩

ঘ. (i) ও (ii) নং আকরিক থেকে ধাতু নিষ্কাশন প্রক্রিয়া ভিন্ন– যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

৮ ▶ (i) C_3H_6 (ii) CH_3CH_2COOH

ক. সাবানায়ন কী? ১

খ. ব্লিচিং পাউডার কীভাবে জীবাণু ধ্বংস করে? ব্যাখ্যা কর। ২

গ. (i) নং থেকে (ii) নং যৌগের প্রস্তুতি বিক্রিয়াসহ বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের যৌগ দুইটির মধ্যে কোনটি অসম্পৃক্ত? তা দুটি পরীক্ষা দ্বারা প্রমাণ কর। ৪

রংপুর জিলা স্কুল

wbl q^KvW: 1 3 7

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

রসায়ন ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸

$CH_3 - \underset{\underset{OH}{|}}{CH} - CH_3$ (A-যৌগ) $CH_3CH_2CH_2OH$ (B-যৌগ)

ক. সমগোত্রীয় শ্রেণি কাকে বলে? ১

খ. ন্যাপথালিন একটি অ্যারোমেটিক হাইড্রোকার্বন– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের যৌগ দুটিকে একই জারক দ্বারা জারিত করলে ভিন্ন উৎপাদ উৎপন্ন হয় কেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. A ও B যৌগ দুটি গাঢ় H_2SO_4 এর সাথে বিক্রিয়া করে অসম্পৃক্ত হাইড্রোকার্বন উৎপন্ন করে– রাসায়নিক পরীক্ষার সাহায্যে প্রমাণ কর। ৪

২ ▸

মৌল	গ্রুপ	পর্যায়
X	1	1
Y	17	3

ক. সুপ্ত যোজনী কাকে বলে? ১

খ. ধাতুগুলো ক্যাটায়নে পরিণত হয় কেন? ২

গ. X-মৌলটি Na এর সাথে যে বন্ধন গঠন করে– তা ব্যাখ্যা কর। ৩

ঘ. X-মৌলটি যৌগ গঠনে দুই এর নিয়ম মানলেও Y-মৌলটি যৌগ গঠনে দুই ও অষ্টক উভয় নিয়ম মেনে চলে– বিশ্লেষণ কর। ৪

৩ ▸ $CH_4 + O_2 \longrightarrow CO_2 + H_2O$

C – H = 414 kJ/mol O = O = 498 kJ/mol

C = O = 724 kJ/mol O – H = 464 kJ/mol

ক. মোলার আয়তন কাকে বলে? ১

খ. Na_2CO_3 কে প্রাইমারি স্ট্যান্ডার্ড পদার্থ বলা হয় কেন? ২

গ. বিক্রিয়াটিতে জারণ-বিজারণ বিক্রিয়া একই সাথে সংঘটিত হয়– ব্যাখ্যা কর। ৩

ঘ. বিক্রিয়াটি তাপোৎপাদী বিক্রিয়া গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৪ ▸ গলিত NaCl (C-যৌগ) গাঢ় NaCl দ্রবণ (D-যৌগ)

ক. বিক্রিয়ার হার কাকে বলে? ১

খ. বর্ষাকালে ছাদ পিচ্ছিল হলে বালু ব্যবহার করা হয় কেন? রাসায়নিক বিক্রিয়াসহ লিখ। ২

গ. C-যৌগটির তড়িৎ বিশ্লেষণ কৌশল ব্যাখ্যা কর। ৩

ঘ. C ও D এর ক্ষেত্রে অ্যানোড ও ক্যাথোডে ভিন্ন ভিন্ন উৎপাদ উৎপন্ন হয় বিশ্লেষণ কর। ৪

৫ ▸



A-বিকার B-বিকার

ক. অ্যানালার কী? ১

খ. He কে 18 নং গ্রুপে রাখা হয়েছে কেন? ২

গ. A-বিকারে আরও 50 mL পানি যোগ করলে যৌগদ্বয়ের ঘনমাত্রা সমান হবে কি-না গাণিতিক যুক্তি দাও। ৩

ঘ. উদ্দীপকের যৌগ দুটি বিক্রিয়া করলে প্রমাণ তাপমাত্রা ও চাপে উৎপন্ন গ্যাসের আয়তন কত হবে– বিশ্লেষণ কর। ৪

৬ ▸

গ্রুপ → / পর্যায় ↓	1	2
2	W	X
3	Y	Z

ক. অ্যালকোহল কাকে বলে? ১

খ. 500 mL 0.25 M ফরমালিন দ্রবণ কীভাবে তৈরি করবে? ২

গ. W মৌলটি যে গ্রুপে অবস্থিত সেই গ্রুপের মৌলগুলোর ভৌত ও রাসায়নিক ধর্ম একই– ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের কোন মৌলটির পারমাণবিক আকার সবচেয়ে বড় বিশ্লেষণ কর। ৪

৭ ▸ 1. $CaO + H_2O \rightarrow X$

2. $X + Cl_2 \xrightarrow{\Delta} Y$

ক. তেজস্ক্রিয় আইসোটোপ কাকে বলে? ১

খ. $Fe(OH)_2$ ক্ষার নয় কেন? ২

গ. উদ্দীপকের বিক্রিয়াগুলো পূর্ণ কর। ৩

ঘ. Y-যৌগটির কাপড়ের রঙিন দাগ উঠানো ও জীবাণু ধ্বংস করার কৌশল ব্যাখ্যা কর। ৪

৮ ▸ (i) $NH_4Cl + CaO \xrightarrow{\Delta} NH_3 + CaCl_2 + H_2O$

(ii) $HCl + Na_2CO_3 \rightarrow NaCl(s) + CO_2(g) + H_2O(l)$

ক. প্রিজারভেটিভ কী? ১

খ. নিউক্লিয়ার চেইন বিক্রিয়া বলতে কি বুঝ? ২

গ. i নং বিক্রিয়ায় যে গ্যাসটি উৎপন্ন হয় তা সনাক্তকরণের দুটি রাসায়নিক ধর্ম লিখ। ৩

ঘ. ii নং বিক্রিয়ায় উৎপন্ন উৎপাদগুলোর অবস্থা কণার গতিতত্ত্বের আলোকে বিশ্লেষণ কর। ৪

ময়মনসিংহ জিলা স্কুল

wbl q^KvW: 1 3 7

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

রসায়ন ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ (i) $Cl + e^- \rightarrow Cl^- + x$ কিলোজুল

(ii) $Br + e^- \rightarrow Br^- + y$ কিলোজুল

(iii) $Rb - e^- \rightarrow Rb^+ + z$ কিলোজুল

ক. পারমাণবিক শাঁস কাকে বলে? ১

খ. রাসায়নিক সাম্যাবস্থা একটি গতিময় অবস্থা– ব্যাখ্যা কর। ২

গ. x, y এবং z এর মধ্যে কোনটি বড়? কেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. যদি x এর মান 349 হয় তবে STP তে 10 লিটার ক্লোরিন গ্যাসের ক্ষেত্রে (i) নং বিক্রিয়া অনুসারে উৎপন্ন বা শোষিত শক্তির পরিমাণ হিসেব কর। ৪

২ ▶ M মৌলের 12টি পরমাণুর ভর 4.784×10^{-22} গ্রাম। N একটি মৌল যা পর্যায় সারণির ৩য় পর্যায়ের 17নং গ্রুপে অবস্থিত।

ক. কেলাস কী? ১

খ. Cl_2O_7 কী ধরনের অক্সাইড সমীকরণসহ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের M মৌলের আপেক্ষিক পারমাণবিক ভর নির্ণয় কর এবং পর্যায় সারণিতে এর অবস্থান ব্যাখ্যা কর। ৩

ঘ. M ও N দ্বারা গঠিত যৌগ পানিতে দ্রবীভূত হওয়ার কৌশল বর্ণনা কর। ৪

৩ ▶ নিচের বিক্রিয়াটি লক্ষ কর :

(i) $CH_2 = CH_2 + H_2O \xrightarrow[\text{উচ্চ তাপ ও চাপ}]{H_3PO_4} A$

(ii) $A + O_2 \xrightarrow{\text{অ্যাসিটোব্যাক্টর}} B + H_2O$

ক. মেলামাইন পলিমারের মনোমার কী? ১

খ. ক্লোরিনেশন বলতে কী বুঝায়? ২

গ. A থেকে CH_4 গ্যাসের প্রস্তুতি সমীকরণসহ ব্যাখ্যা কর। ৩

ঘ. B থেকে CCl_4 প্রস্তুত করা যায় কি-না? সমীকরণসহ বিশ্লেষণ কর। ৪

৪ ▶ (i) $C_6H_{14} \xrightarrow{\Delta} 2A + B$; যেখানে B এর আণবিক ভর 30।

(ii) $CaC_2 + H_2O \rightarrow C(g)$ + কলিচুন

ক. সাবান কী? ১

খ. সালফারের পরিবর্তনশীল যোজনী ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের A ও B যৌগের পারস্পরিক রূপান্তর বিক্রিয়ার আলোকে বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের C যৌগ হতে পানির পাইপ তৈরির পলিমার তৈরি সম্ভব হলেও চেয়ার, ডাইনিং টেবিল ইত্যাদি প্লাস্টিক তৈরির পলিমার সম্ভব কি-না– বিশ্লেষণ কর। ৪

৫ ▶ নিচের চিত্রটি লক্ষ কর :



তড়িৎবিশ্লেষ্য কোষ

ক. ফরমালিন কী? ১

খ. ব্লিচিং পাউডার কীভাবে কাপড়ের দাগ পরিষ্কার করে ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের কোষটির অ্যানোড ও ক্যাথোডে সংঘটিত বিক্রিয়া বর্ণনা কর। ৩

ঘ. উল্লিখিত প্রক্রিয়ায় টয়লেট ক্লিনার প্রস্তুতির জন্য কোষের কীরূপ পরিবর্তন ঘটাতে হবে? যৌক্তিক ব্যাখ্যা দাও। ৪

৬ ▶ বিক্রিয়াগুলো লক্ষ্য কর :

(i) $N_2(g) + H_2(g) = 2NH_3(g); \Delta H = -92$ kJ/mole

(ii) $CH_3Cl + Cl_2 = CH_2Cl_2 + HCl$

ক. ডেরলিন কী? ১

খ. অ্যালুমিনিয়াম সহজে ক্ষয় হয় না– ব্যাখ্যা কর। ২

গ. (ii) বিক্রিয়ার ক্ষেত্রে দেখাও যে জারণ-বিজারণ একই সাথে ঘটেছে? ৩

ঘ. (i) নং বিক্রিয়াটিকে লা-শাতেলিয়ারের নীতির প্রয়োগ শিল্পক্ষেত্রে লাভজনক হয়– যৌক্তিক মতামত দাও। ৪

৭ ▶ $NH_4Cl(aq) + CaO(s) \rightarrow A(aq) + B(g) + H_2O(l)$

ক. $C_3H_7^-$ মূলক বলতে কী বুঝায়? ১

খ. ফসফরাসের যোজ্যতা ও যোজ্যতা ইলেকট্রন একই নয়– ব্যাখ্যা কর। ২

গ. B(g) থেকে উদ্ভিদ কিভাবে পুষ্টি উপাদান গ্রহণ করে থাকে? ৩

ঘ. বিক্রিয়ক দুইটি পানির সাথে পৃথকভাবে বিক্রিয়া করলে উভয় বিক্রিয়ার শক্তিচিত্র ভিন্ন হবে– বিশ্লেষণ কর। ৪

৮ ▶ 0.75 মোলার Na_2CO_3 দ্রবণের মধ্যে 20 g Na_2CO_3 দ্রবীভূত আছে। উক্ত দ্রবণে 0.6 মোলার 600 mL HCl দ্রবণ যোগ করে 21 g খাদ্য লবণ পাওয়া গেল।

ক. সমাণু কাকে বলে? ১

খ. পিপঁড়ার কামড়ের স্থানে চুন ব্যবহার করা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের Na_2CO_3 দ্রবণের আয়তন নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের বিক্রিয়ায় উৎপন্ন খাদ্য লবণের শতকরা পরিমাণ নির্ণয় গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪